

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১৪/২০১৩

তারিখঃ ১৩/০২/২০১৩খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

০১ ফাল্গুন, ১৪১৯ বাংলা।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর স্মারক নং-ডিটি/শিপ/মিটিং/৯৬/২০১০/(অংশ-১)/২০৪ তারিখ-১২/০২/২০১৩ইং সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাঃ/-

এম রহমান

উপ সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

আগামী ১৬ ফেব্রুয়ারী, ২০১৩ইং সকাল ৮.০০ ঘটিকা হতে ২৫ ফেব্রুয়ারী, ২০১৩ইং তারিখ সকাল ৮.০০ ঘটিকা পর্যন্ত মেঘনা ও গোমতী সেতুদ্বয়ের দ্বিতীয় পর্যায়ে স্থায়ী মেরামত কাজ সম্পাদন করা হবে। এ বিষয়ে বন্দর ব্যবহারকারীদের সাথে ৭ ফেব্রুয়ারী, ২০১৩ইং তারিখ দুপুর ৩.০০ ঘটিকায় পরিচালক (পরিবহন), চবক এর সভাপতিত্বে বন্দর ভবনস্থ বার্ষিক রুমে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

পরিচালক(পরিবহন), চবক উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উল্লেখ করেন যে, যোগাযোগ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্র হতে জানা যায় যে, আগামী ১৬ ফেব্রুয়ারী, ২০১৩ইং তারিখ সকাল ৮.০০ঘটিকা হতে ২৫ ফেব্রুয়ারী, ২০১৩ইং তারিখ সকাল ৮.০০ঘটিকা পর্যন্ত মেঘনা ও গোমতী সেতুদ্বয়ের দ্বিতীয় পর্যায়ে স্থায়ী মেরামত কাজ সম্পাদন করা হবে।

সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নমতে সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০১৩ইং তারিখ থেকে বন্দরে আগমনতব্য জাহাজ হতে লং ট্রলী যোগে সরাসরি ডেলিভারীযোগ্য পণ্য জাহাজের ঢাকাগামী হলে উক্ত জাহাজের বার্ষিক ২৪/০২/২০১৩ইং তারিখ অবধি স্থগিত রাখা হবে।

খ) আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০১৩ইং তারিখ সি শিফট থেকে বন্দরের বার্থে অবস্থানরত জাহাজসমূহ হতে ঢাকা অভিমুখে সরাসরি ডেলিভারীযোগ্য প্রজেক্ট কার্গো, বিলেট, কয়েল, রাউন্ড লগ ইত্যাদি লং ট্রলীতে মালামাল খালাস/বোঝাই ২৪/০২/২০১৩ইং তারিখ এ শিফট পর্যন্ত বন্ধ রাখা হবে। ২৪/০২/২০১৩ইং বি শিফট হতে তা পুনঃ চালু করা হবে। উভয় ক্ষেত্রে ডিটিএম (অপাঃ), চবক সংশ্লিষ্ট আমদানীকারক/কনসাইনী/সিএন্ডএফ এর সাথে বসে ডকুমেন্ট যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

গ) লং ট্রলী যোগে ডেলিভারীযোগ্য ঢাকা অভিমুখী কন্টেইনার ডেলিভারী বন্ধ রাখা হবে। টার্মিনাল ম্যানেজার, চবক বন্ধ ডেলিভারীর ক্ষেত্রে ডকুমেন্ট পরীক্ষা করে ইহা নিশ্চিত করবেন। আমদানীকারকগণ চাইলে শুল্ক কর্তৃপক্ষ হতে অনুমতি নিয়ে বন্দর অভ্যন্তর হতে কন্টেইনার খুলে পণ্য ডেলিভারী গ্রহণ করতে পারবেন।

ঘ) ট্রাক ও কার্ডার্ড ভ্যানে ডেলিভারীর ক্ষেত্রে চবক এর ওয়েবসাইট এর মাধ্যমে সরকারী গেজেট অনুযায়ী শতভাগ একসেল লোড পরীক্ষাপূর্বক ছাড় প্রদানের বিষয়টি নিরাপত্তা বিভাগ এবং বন্দরে নিয়োজিত সেনা নিরাপত্তা সেল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে গাইড লাইন হিসেবে সংশ্লিষ্ট সরকারী গেজেট সংযুক্ত করা গেল যা অবশ্যই অনুসরণীয়।

ঙ) বিভিন্ন প্রাইভেট ডিপো সমূহও উপরোক্ত মতে কন্টেইনার ডেলিভারী ও পণ্য ডেলিভারীর প্রয়োজনীয় বিধি নিষেধ নিশ্চিত করবেন।

চ) রপ্তানী পণ্য জাহাজীকরণ ত্বরান্বিত করার লক্ষ্যে ১৬/০২/২০১৩ইং হতে ২৫/০২/২০১৩ইং তারিখ পর্যন্ত বন্দরে কার্যকর বর্তমান কাট অব টাইম ২৪ ঘন্টা শিথিল রাখার বিষয়টি যথাযথ কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করা হবে।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

পরিচালক(পরিবহন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ-১২/০২/২০১৩ইং।

নং-ডিটি/শিপ/মিটিং/৯৬/২০১০(অংশ-১)/২০৪

পৃষ্ঠা নং- ১৫